যুগান্তর

তারিখ 31 OCT 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# রাবির ‘এইচ’ ইউনিটের ফল প্রকাশ

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চলতি শিক্ষাবর্ষের প্রকৌশল অনুষদভুক্ত ‘এইচ’ ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। শনিবার রাতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত ফলে ১ হাজার ২০৩ জনের মেধাতালিকা প্রকাশ করা হয়। প্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক মো. মামুন-উর-রশীদ খন্দকার জানান, উত্তীর্ণদের মধ্য থেকে মেধা তালিকায় স্থান পাওয়া বিজোড় রোলধারীদের ১৯ নভেম্বর এবং জোড় রোলধারীদের ২০ নভেম্বর মৌখিক পরীক্ষার জন্য ডাকা হয়েছে। তাদের ১৬ নভেম্বরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ‘বিষয় চয়েজ ফরম’ পূরণ করতে হবে। তিনি জানান, মৌখিক পরীক্ষার সময় এসএসসি ও এইচএসসির মূল মার্কসশিট, এইচএসসির মূল রেজিস্ট্রেশন কার্ড, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (পরীক্ষার হলে পরিদর্শকের স্বাক্ষরকৃত) ও বিষয় চয়েজ ফরমের প্রিন্ট কপি নিয়ে আসতে হবে। ওই দুই দিন সকাল ৯টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত মৌখিক পরীক্ষা নেয়া হবে। ২২ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও প্রকৌশল অনুষদের নোটিশ বোর্ডে ভর্তির চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে।

চলতি শিক্ষাবর্ষে প্রকৌশল অনুষদের ৬টি বিভাগে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ২৭২ জন শিক্ষার্থী ভর্তি করা হবে। ২৫ অক্টোবর অনুষ্ঠিত অনুষদের ভর্তি পরীক্ষায় ২৯ হাজার ৫৭ জন শিক্ষার্থী অংশ নেয়ার জন্য আবেদন করেছিলেন।